গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৫.২৯.০৩৭.২০-৮২৫ তারিখঃ ১৪ /১২/২০২০ খ্রি.

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি প্রেরণ।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০০১.২০-১০৩৮, তারিখ: ০৭ ডিসেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি যানবাহন অধিদপ্তরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গত ২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীর ক্রমিক নং-৬ এ উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিম্নরুপ:

ক্রমিক নং	সিদ্ধান্ত	অগ্রগতি
১.	সরকারি যানবাহন অধিদপ্তরে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান স্বল্পতম সময়ে সম্পন্ন করতে হবে।	(ক) সরকারি যানবাহন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৯/০৮/২০২০ তারিখ প্রেরণ করা হয়েছে। (খ) নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভা ১৬/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং ২য় কোয়ার্টারের সভা ২০/১২/২০২০খ্রি: নির্ধারণ করা হয়েছে। (গ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ২.১ অনুযায়ী প্রথম কোয়ার্টারে ০৯/০৯/২০২০ তারিখ সরকারি যানবাহন মেরামত কারখানার ৬ জন খুচরা যন্ত্রাংশ সরবরাহকারীদের অংশগ্রহণে অংশীজনের সভা অনুষ্ঠিত হয়েছে এবং ২য় কোয়ার্টারের অংশীজনের অংশগ্রহণ সভা ২৬/১১/২০ তারিখ বিভিন্ন জেলার আট জন নেজারত ডেপুটি কালেক্টরদের(এডিসি) নিয়ে করা হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম সম্পন্ন হয়েছে। (ঘ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ২.৩ অনুযায়ী এ অধিদপ্তরের ৬০ জন কর্মকর্তা কর্মচারীকে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৯.১ অনুযায়ী প্রশিক্ষণে জাতির পিতা বঙ্গবন্ধুর জীবনাদর্শ সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে এবং ৯.২ অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স সম্পদ্ধে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। (ঙ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ২.৪ অনুযায়ী এ অধিদপ্তরের ৫০ জন কর্মকর্তা কর্মচারীকে সুশাসন নিশ্চিতকরণ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। (চ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৪.১ অনুযায়ী টোল ফ্রি নম্বর সরবরাহের জন্য অনুরোধ করে ২৩/০৮/২০২০ তারিখ ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল-কে এবং ১৬/০৯/২০২০ তারিখ চেয়ারম্যান, বিটিআরসিকে পত্র প্রেরণ করা হয়েছে এবং প্রশাসনিক অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করে পত্র দেয়া হয়েছে। (ছ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৫.১ অনুযায়ী উত্তম চর্চার তালিকা ১৮/০৮/২০২০ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। (জ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৮.৬ অনুযায়ী প্রথম কোয়ার্টারের প্রাতিষ্ঠানিক গণশুনানী ০৯/০৯/২০২০ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ২য় কোয়ার্টারের প্রাতিষ্ঠানিক গণশুনানী ১৮/১১/২০২০ তারিখ অনুষ্ঠিত হয়েছে। (ঝ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৯.৩ অনুযায়ী ভাল কাজের ভিত্তিতে মাসিক সেরা কর্মচারী পুরস্কার জুলাই-সেপ্টেম্বর/২০ (১ম কোয়ার্টার) প্রদান করা হয়েছে এবং অক্টোবর- ডিসেম্বর/২০ খ্রি: ২য় কোয়ার্টারের পুরস্কার ১০/১২/২০ খ্রি: প্রদান করা হয়েছে। (ঞ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৯.৪ অনুযায়ী সেরা পরিচ্ছন্ন কর্মীকে প্রণোদনা স্বরুপ ১০/১২/২০খ্রি: প্রাইজবন্ড, ও সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

Ans Q. Achieve

		(ট) শুদ্ধাচার কর্মপরিকল্পনা কার্যক্রম ১১.১ অনুযায়ী, কর্ম পরিবেশ উন্নয়ন তথা স্বাস্থ্য বিধি অনুসরণ ও টিও এন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে ২০টি ফ্যান অকেজো ঘোষণা করা হয় এবং করোনকালীন স্বাস্থ্য বিধি পালন নিশ্চিত সহ পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে।
২.	ই-ফাইল ও ইজিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে।	(ক) সরকারি যানবাহন অধিদপ্তরে বিভিন্ন জেলা উপজেলা থেকে টায়ার ক্রয়ের অর্থ বরাদ্দ, শ্রমিক মজুরী মঞ্জুরী, জিপিএফ ও বিভিন্ন খাতের ব্যয়িত অর্থের হিসাব বিবরনী প্রেরণসহ বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার পত্র, চাকুরী স্থায়ীকরণ, গাড়ির যন্ত্রাংশ সরবরাহ ও স্পীডবোট মেরামতের আবেদনের আদান প্রদান ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হয়। ৭০% নথির কার্যক্রম ই-ফাইলে সম্পাদিত হয়। (খ) ইলেক্ট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টালে অন্তর্ভুক্তকরণের জন্য অধিদপ্তরের ৩০/১০/১৯ তারিখের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-৫২৮৪ মূলে পত্র প্রেরণ করা হয়েছে। (গ) ক্রয় সংক্রান্ত কার্যক্রম ই-জিপিতে সম্পাদনের লক্ষ্যে সিপিটিইউ কর্তৃক ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। এই অধিদপ্তরের পত্র নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-৬১১৯, তারিখ: ২৯/১২/১৯ মূলে অধিদপ্তরের মনোনীত তিন জন কর্মকর্তা/কর্মচারীকে ই-জিপিতে প্রশিক্ষণ প্রদানের অনুরোধ জানিয়ে মহাপরিচালক, সিপিটিইউকে পত্র প্রেরণ করা হয়েছে এবং পত্র নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-১৯১, তারিখ: ২৩/০১/২০ মূলে ই-জিপিতে ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে Organization Admin ID প্রদানের অনুরোধ জানিয়ে মহাপরিচালক, সিপিটিইউকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
৩.	পুরাতন ও অকেজো গাড়ি যৌক্তিক পর্যায়ে দ্রুত বিক্রয়/অপসারণের ব্যবস্থা করতে হবে। এ ছাড়া বৃষ্টির প্রাদুর্ভাবের কারণে বিগত বছরের ন্যায় যাতে ডেঙ্গুর প্রভাব না হয় সে জন্য পুরানো/অকেজো গাড়িতে জন্ম নেওয়া ডেঙ্গুর লার্ভা বিনষ্ট করতে হবে।	(ক) সরকারি যানবাহন অধিদপ্তরে ২০২০-২০২১ অর্থ বছরে অকেজো ঘোষিত হয়েছে ২৩টি গাড়ি এবং নৌযান ১৪টি। (খ) অকেজো ঘোষিত যানবাহন বিক্রয় বাবদ টাকার পরিমান: গাড়ি ৪৭,৭১,৫১৮/-টাকা এবং নৌযান-২৫,৭৭,৯৩৭/- টাকা। (গ) মন্ত্রণালয়ে অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট অকেজো ঘোষণার প্রস্তাব অনুমোদনের জন্য পেন্ডিং গাড়ির সংখ্যা-৬৩টি। (ঘ) বিআরটিএ-র এর নিকট অকেজো গাড়ির মূল্য নির্ধারণের প্রতিবেদন পেন্ডিং নাই। (ঙ) পুন: মূল্য নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে প্রেরিত গাড়ির সংখ্যা-৪০টি। (চ) সরকারি যানবাহন অধিদপ্তরে গাড়ী অকেজো ঘোষণার কার্যক্রম প্রক্রিয়াধীন মোট গাড়ীর সংখ্যা-৮০টি। (ছ)বিভিন্ন জেলা উপজেলা পুলের অকেজো ঘোষণাযোগ্য গাড়ীর পেন্ডিং প্রতিবেদন-৭৭টি (জ) বৃষ্টির প্রাদুর্ভাবের কারণে ডেঙ্গুর প্রভাব যাতে না হয় সে জন্য পুরানো অকেজো গাড়ি নিয়মিত পরিস্কার এবং মনিটরিং করা হচ্ছে।

২। উপর্যুক্ত বিবরণ মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত: দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত।

২৩.১২.২০২০

(মো: মিজানুর রহমান)
পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর
ফোন: ৯৫৬৩৪২১।

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, শৃঙ্খলা-৩, শাখা)।

Ans Q. Achieve